

দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষায়
দেশপ্রেম অত্যন্ত জরুরী : মুখ্যমন্ত্রী



এনসিসি শুধুমাত্র একটি কোর্স নয়, এনসিসি ছাত্রছাত্রীদের শৃঙ্খলাপারায়ণ জীবন শৈলী গঠন করতে দিশা দেখায়। এনসিসি ছাত্রছাত্রীদের মধ্যে দেশভক্তি ও দেশপ্রেম জাগ্রত করে এবং সমাজসেবায় আগ্রহ বাড়ায়। আজ নরসিংগড়স্থিত ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজিতে ত্রিপুরা এনসিসি ফেস্ট ২০২৫ এর উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষায় দেশপ্রেম অত্যন্ত জরুরী। ছাত্রজীবন থেকেই দেশ গঠনের পাঠ সম্পন্ন করলে সংশ্লিষ্ট ছাত্রছাত্রী দেশ গঠনের যেকোন কাজে ঝাপিয়ে পড়তে পারে। এটি একটি বিশাল দিক।

অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, যেকোন কাজ বা শিক্ষা একাগ্রতার সঙ্গে গ্রহণ করলে তার ফল পাওয়া যায়। যেকোন কাজেই দক্ষতা অর্জনের জন্য পরিশ্রম করতে হবে। এনসিসি একজন ছাত্রছাত্রীকে শৃঙ্খলা ও শৃঙ্খলাহীনতার পার্থক্যটা বুঝিয়ে দেয়। কোন কাজটা ভাল, কোন কাজটা খারাপ তা তারা সহজেই উপলব্ধি করতে পারে। সবচেয়ে বড় কথা এনসিসি কোর্স ছাত্রছাত্রীদের সত্য কথা বলতে শেখায়। তিনি বলেন, এই অনুষ্ঠান শুধুমাত্র নিছক একটি অনুষ্ঠান নয়, এটি শৃঙ্খলাপারায়ণতা এবং একতার বোধকে জাগ্রত করার প্রয়াস। তিনি বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশে দেশাত্ববোধ ও দেশপ্রেমের জোয়ার এনেছেন। দেশাত্ববোধের আদর্শে উদ্বুদ্ধ হয়ে যুবসমাজ দেশ গড়ার কাজে ঝাপিয়ে পড়ছে।

মুখ্যমন্ত্রী বলেন, অতীতে এনসিসি ক্যাডারদের এই কোর্স করার সময় সরকারিভাবে খুব একটা সহায়তা করা হতনা। কিন্তু বর্তমানে এই কোর্সের সঙ্গে যুক্ত ছাত্রছাত্রীদের নানাভাবে সহায়তা করা হচ্ছে। তাদের আরও কিভাবে সাহায্য সহযোগিতা করা যায় তা খতিয়ে দেখা হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, এনসিসি নর্থ ইস্ট গ্রুপের ডিরেক্টর তথা ব্রিগেডিয়ার কে জি সিং, এনসিসি নর্থ ইস্ট গ্রুপ কমান্ডার আনন্দ রাজ সিং এবং এনসিসি ত্রিপুরা গ্রুপের আধিকারিকগণ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ত্রিপুরা এনসিসি ক্যাডারদের দিল্লিতে বিভিন্ন ক্ষেত্রে ভাল পারফরমেন্সের জন্য পুরস্কার এবং শংসাপত্র প্রদান করেন। মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ বিভিন্ন প্রদর্শনী মন্ডপ ঘুরে ঘুরে দেখেন।